# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 18.05.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের পঞ্চম দফার জন্য প্রচারাভিযান আজ শেষ হয়েছে।

এই দফায় রাজ্যের সাতটি আসনে ভোটগ্রহণ আগামী সোমবার।

২) নির্বাচনী প্রচারে আগামীকাল ফের রাজ্যে আসছেন শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বাঁকুড়া ও পুরুলিয়ায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালাবেন তিনি।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ আরামবাগ ও বিষ্ণুপুরে জনসভা করেছেন।

৩) সপ্তম দফায় রাজ্যের ৯ টি আসনে মোট ১২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

৪) রাজ্যে উদ্বেগজনকভাবে বাড়ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা।

৫) কলকাতা সহ রাজ্যের জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের। উত্তরবঙ্গে বজ্রপাতে মৃত এক, আহত ১৫ জন।

৬) মোহনবাগান জে সি মুখার্জী ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে উঠেছে।

---

লোকসভা নির্বাচনের পঞ্চম দফার জন্য প্রচারাভিযান আজ শেষ হয়েছে।

এই দফায় রাজ্যের সাতটি সহ দেশের ৪৯ টি আসনে ভোট নেওয়া হবে আগামী সোমবার। রাজ্যের সাতটি আসন হলো- **বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, হুগলী, শ্রীরামপুর ও আরামবাগ।**

এই পর্বে মোট প্রার্থী রয়েছেন ৮৮ জন। এর মধ্যে ১৪ জন মহিলা।

১ কোটি ২৫ লক্ষেরও বেশি ভোটদাতা তাঁদের ভোটাধিকার প্রয়োগ করবেন। পঞ্চম দফার ভোটে বুথ রয়েছে ১৩ হাজার ৪৮১টি। এর মধ্যে ৭ হাজার ৭১১টি ক্রিটিকাল বুথ। মহিলা পরিচালিত বুথের সংখ্যা ১ হাজার ৪৬০। দুটি বুথ পরিচালনার দায়িত্বে বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা। মডেল বুথের সংখ্যা ৯৩।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে ৬৫০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। বুথের নিরাপত্তায় থাকবে ৬১৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। এর পাশাপাশি থাকবে ২৫ হাজারের বেশি রাজ্য পুলিশ। থাকবে ৫৬৭টি কুইক রেসপন্স টিম-Q R T।

নিরাপত্তার কথা মাথায় রেখে বন্ধ রাখা হয়েছে বনগাঁর পেট্রাপোল সীমান্ত।

উলুবেড়িয়া আসন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

------------------------

লোকসভা নির্বাচনের পরবর্তী দফাগুলির জন্য প্রচারাভিযান জমে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী **নরেন্দ্র মোদী** ভোটের প্রচারে আগামীকাল ফের রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়ার বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন তিনি।

অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মা উত্তর ২৪ পরগণার বারাসাত, বসিরহাট ও উত্তর দমদমে দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নেবেন।

ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহাও দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর ও পাথরপ্রতিমায় জনসভা করবেন।

কেন্দ্রীয় মন্ত্রী **অর্জুন মুন্ডা**'ও আজ ভোটের প্রচারে রাজ্যে আসেন। বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** আজ উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থীর সমর্থনে পদযাত্রা ও রোড শো-তে অংশ নেন। পরে মেদিনীপুর লোকসভা আসনে শালবনীর পিড়াকাটাতে বিজয় সংকল্প সভায় যোগ দেন তিনি। এবারের নির্বাচনে বিজেপি বিপুল ভোটে জয়ী হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শুভেন্দু।

(বাইট শুভেন্দু)

কেশিয়ারিতেও একটি জনসভায় তিনি বক্তব্য রাখেন।

বিজেপি রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার** হুগলির হরিপালে লকেট চট্টোপাধ্যায়ের সমর্থনে রোড শো-এ অংশ নিয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী **মমতা ব্যানার্জী** আজ আরামবাগ ও বিষ্ণুপুরে জনসভা করেন। মুখ্যমন্ত্রী বলেন, নির্বাচনে বিজেপি ব্যাপকভীবে পরাজিত হবে।

(বাইট মমতা)

কংগ্রেস এবং সিপিআইএমকে কটাক্ষ করে মমতার অভিযোগ ১০ লক্ষ চাকরীর পদ তৈরি থাকলেও এই দুই দল সেখানে নিয়োগ হতে দিচ্ছেনা।

মুখ্যমন্ত্রী আগামীকাল বাঁকুড়া শহরে এক পদযাত্রায় অংশ নেবেন। পুরুলিয়া শহরেও পদযাত্রা করবেন তিনি।

এদিকে, জয়নগর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থীর হয়ে এক জনসভায় তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক **অভিষেক বন্দ্যোপাধ্যায়** ফের কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করে বলেন, রাজ্যের সব প্রকল্পের টাকা বন্ধ করে দিয়েছে তারা। অভিন্ন দেওয়ানী বিধি - UCC চালু হলে তপশিলি জাতি ও উপজাতি মানুষরা ক্ষতিগ্রস্ত হবেন বলে তিনি জানান।

অভিষেক ডায়মন্ডহারবারের কপাটহাট থেকে এম বাজার পর্যন্ত একটি রোড শো-তেও অংশ নেন।

CPIM নেতা **সুজন চক্রবর্তী** আজ যশোর রোড, দমদম পার্কে প্রচার চালাচ্ছেন। যাদবপুর কেন্দ্রের CPIM প্রার্থী সৃজন ভট্টাচার্য আজ কামরাবাদ, কালিকাপুর, রাধানগর সহ বিভিন্ন এলাকা পরিক্রমা করেন।

------------------------

লোকসভা নির্বাচনের সপ্তম দফায় এরাজ্যের ৯ টি কেন্দ্রে মোট একশো ২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। গতকাল ছিল প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর ওই ১২৪ জন প্রার্থীর মধ্যে তৃনমূল কংগ্রেস, BJP ও BSP-র ৯ জন করে, সিপিআইএম এর ৬ এবং কংগ্রেস ও সারাভারত ফরওয়ার্ড ব্লক এর ১ করে প্রার্থী রয়েছেন। সপ্তম দফায় আগামী পয়লা জুন, এরাজ্যের দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, জয়নগর, যাদবপুর, কলকাতা দক্ষিণ ও কলকাতা উত্তর এই ৯ টি কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে। এছাড়া ওই দিন বরানগর

বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন অনুষ্ঠিত হবে। ওই কেন্দ্রের উপ নির্বাচনের জন্য মোট ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন বলে কমিশন সূত্রে খবর। এর মধ্যে তৃণমূল, BJP ও সিপিআইএম এর একজন করে প্রার্থী রয়েছে।

------------------------

তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জীর বিরোধিতা, নৈতিক বলে প্রদেশে কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। আজ এক সাংবাদিক বৈঠকে অধীর বাবু বলেন, রাজ্যে কংগ্রেসকে কেউ শেষ করে দিতে চাইলে, তা তিনি মেনে নেবেন না বলে তিনি উল্লেখ করেন।

বাইট

উল্লেখ্য, আজই দলের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়গে অধীর চৌধুরীর নাম করে বলেন, কংগ্রেসের হাইকম্যান্ডের সিদ্ধান্ত তাঁকে মেনে চলতে হবে। কেউ যদি তা না করেন, তাহলে হাইকম্যান্ড তা মেনে নেবেন না।

------------------------

পূর্ব মেদিনীপুরের ময়নায় বিজেপি নেতা বিজয়কৃষ্ণ ভুঁইয়া খুনের তদন্তে এনআইএ আধিকারিকরা আজ সেখানে যান। ঘটনাস্থল ঘুরে দেখার পাশাপাশি কথা বলেন, স্থানীয়দের সঙ্গে।

উল্লেখ্য হাইকোর্টের নির্দেশে এনআইএ এই মামলার তদন্ত শুরু করেছে।

এই ঘটনায় রাজ্যের প্রাক্তন মন্ত্রী সৌমেন মহাপাত্র সহ ৩৪ জনের নামে এফআইআর দায়ের হয়েছে।

------------------------

রাজভবনে হেনস্থার শিকার মহিলা কর্মীকে ঘটনার দিন বেরোতে বাধা দেওয়ার অভিযোগে পুলিশ, এস এস রাজপুত, কুসুম ছেত্রী ও সন্ত লাল নামে তিন কর্মীর বিরুদ্ধে এফআইআর করেছে। কলকাতা পুলিশের ডি সি সেন্ট্রাল একথা জানিয়েছেন। গতসন্ধ্যায় অভিযোগকারিণী আদালতে গিয়ে ম্যাজিস্ট্রেটের কাছে প্রায় ৫ ঘন্টা ধরে গোপন জবানবন্দী দিয়েছেন। তাঁকে সত্যেই আটকানো হয়েছিল কিনা, পুলিশ তা খতিয়ে দেখছে।

------------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালি বেড়মজুর এলাকায় এক নাবালিকার শ্লীলতাহানি ও ধর্ষণের চেষ্টার অভিযোগে পুলিশ ইন্দ্রজিত্ সাউ নামে এক যুবককে জিজ্ঞাসাবাদ করছে। সে স্থানীয় এক তৃণমূল নেতার ছেলে বলে জানা গেছে। পরিবারের অভিযোগ, গতরাতে ঘরের বেরা ভেঙে সে ভিতরে প্রবেশ করে এবং মেয়েটিকে ধর্ষণের চেষ্টা করে। চিৎকার চেঁচামেচিতে পালিয়ে যায় সে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

------------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশে জামিন পেয়ে আজ বিকেলে দমদম কেন্দ্রীয় সংশোধনাগার থেকে ছাড়া পেলেন সন্দেশখালির বিজেপি নেত্রী পিয়ালী দাস। বসিরহাট আদালত থেকে রিলিজ পেপার আসার পর তাকে মক্তি দেওয়া হয়।

নিম্ন আদালত তাঁকে সাত দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছিল। এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন পিয়ালী।

------------------------

তীব্র দাবদাহ এবং লোকসভা ভোটের উত্তাপের মধ্যেই রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা উদ্বেগজনকভাবে বাড়ছে। গোটা রাজ্যে মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা এক হাজার ছুঁতে চলেছে বলে স্বাস্থ্যদফতর সূত্রে জানা গেছে। ১লা জানুয়ারি থেকে ১৫ মে পর্যন্ত রাজ্যজুড়ে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ৯৪১। কলকাতা, উত্তর ২৪ পরগনার মতো প্রতিবছর ডেঙ্গু সংক্রমণে প্রথম স্থানে থাকা জেলাগুলি ছাপিয়ে এবার সংক্রমণেকর শীর্ষে রয়েছে মালদহ জেলা। সেখানে আক্রান্তের সংখ্যা ১১৫। এছাড়া আরও তিন জেলা মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা ও হুগলিতে আক্রান্তের সংখ্যা ১০০ ছাড়িয়েছে। । সেখানে আক্রান্তের সংখ্যা যথাক্রমে ১১১, ১১০ ও ১০৮। যদিও রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সিদ্ধার্থ নিয়োগী জানিয়েছেন সংক্রমণ বাড়লেও তাতে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। আগে ডেঙ্গুর পরীক্ষা তেমন হতো না, এখন তা সারাবছরই হচ্ছে তাই ডেঙ্গু আক্রান্তের সংখ্যাও বাড়ছে।

-------------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে নিয়োগ পাওয়া শিক্ষক-শিক্ষিকাদের যোগ্যতার প্রমাণপত্র জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। আগামী ২৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার বিদ্যালয় পরিদর্শকদের কাছে সব শিক্ষক-শিক্ষিকাদের এসএসসির শংসাপত্র, নিয়োগ পত্র সহ বর্তমান চাকরির প্রমাণপত্রের হার্ডকপি এবং অন্যান্য তথ্যাদি জমা দিতে হবে। সংশ্লিষ্ট জেলার ডিআই রা সব কাগজ খতিয়ে দেখে ৭ই জুনের মধ্যে রিপোর্ট পেশ করবেন। আইওএমএস এর মাধ্যমেও এই নথি অনলাইনে জমা দেওয়া হচ্ছে।

-------------------------

কলকাতা সহ রাজ্যের জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুরে বৃষ্টির সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। ঝড় বৃষ্টি হতে পারে দুই ২৪ পরগণা এবং কলকাতাতেও। গত দুদিন গরম জনিত অস্বস্তি কিছুটা থাকলেও তা থেকে স্বস্তি মিলবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে খবর।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৭ দশমিক ৪ ডিগ্রি- স্বাভাবিকের তুলনায় প্রায় ২  ডিগ্রি বেশি।

সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, আজ সকালে কোচবিহারের তুফানগঞ্জের ওন্দারন ফুলবাড়ি দু নম্বর গ্রাম পঞ্চায়েতে বিলোশি কারিপাড়া এলাকায় বজ্রাঘাতে একজন প্রাণ হারিয়েছেন। গোপাল বর্মণ নামে ঐ ব্যক্তি মাঠে গরু আনতে গিয়ে বজ্রাহত হন।

আলিপুরদুয়ারে বজ্রপাতে ১৫ জনের আহত হওয়ার খবর মিলেছে। দুজনের অবস্থা আশঙ্কাজনক।

-------------------------

মোহনবাগান, জেসি মুখার্জী ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে উঠেছে। আজ কলকাতায় সেমিফাইনালে মোহনবাগান পাঁচ উইকেটে ক্যালকাটা কাস্টমসকে হারিয়ে দিয়েছে। কাস্টমসের চার উইকেটে ১৮৪ রানের জবাবে মোহনবাগান পাঁচ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। কালিঘাট ক্লাব সাত উইকেটে ঐক্য সন্মিলনীকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে।

------------------------- -----------------